

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.৩২.৩৮.০১৩.১৯- ৬৫৬

তারিখঃ ২৮/১০/২০২৫খ্রি.


বিষয় : বজ্রপাতের ঝুঁকি নিরসনে জনসচেতনতা বৃদ্ধি কার্যক্রম।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবে সাম্প্রতিক বছরগুলোতে বজ্রপাতের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। সরকার ২০১৬ সালে বজ্রপাতকে দুর্যোগ হিসেবে ঘোষণা করেছেন। বিগত বছরগুলোতে বজ্রপাতে কমবেশি ৩০০ থেকে ৪০০ জন মানুষের মৃত্যু হয়েছে এবং এ ধারাবাহিকতা চলমান রয়েছে। জনসচেতনতা বৃদ্ধিই বজ্রপাতে দুর্যোগ ঝুঁকিহ্রাসে অন্যতম কার্যকরী পন্থা। দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলি-২০১৯ (SOD) এর “ফোকাল পয়েন্ট অপারেশনাল কো-অর্ডিনেশন গুপ (FPOCG)” এর সভার সিদ্ধান্তের আলোকে আপনার জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র/ছাত্রীদের পাঠদানের সময়ে বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সতর্কীকরণ জরুরি বার্তা প্রচারের সুপারিশ করেছেন। সর্বসাধারণের জনসচেতনতা বৃদ্ধির জন্য প্রতিটি মসজিদে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে সুবিধাজনক সময়ে বজ্রপাতে করণীয় বিষয়ক সতর্ক বার্তা প্রচারের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যিক। এছাড়া অন্যান্য ধর্মীয় উপসনালয়েও সুবিধাজনক সময়ে একই ধরনের সতর্কীকরণ বার্তা প্রচারের ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে।

২। এমতাবস্থায়, আপনার জেলার সকল শিক্ষাপ্রতিষ্ঠান ও ধর্মীয় প্রতিষ্ঠানসমূহে বজ্রপাতে করণীয় বিষয়ক সতর্কীকরণ জরুরি বার্তা প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বজ্রপাতে সচেতনামূলক বার্তা -০১ ফর্দ।

জেলা প্রশাসক..... (সকল)


(রেজওয়ানুর রহমান)
মহাপরিচালক
ফোনঃ ৫৮৮১৫৪৯৫
dg@ddm.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার..... (সকল)।
- ৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
- ৪। মহাপরিচালক, প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ৫। মহাপরিচালক কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
- ৭। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ১২০৭, ঢাকা।
- ৮। পরিচালক,.....(সকল) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৯। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)।
- ১১। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা..... (সকল)।
- ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,..... (সকল)।
- ১৩। অফিস কপি।



বজ্রবৃষ্টি ও বজ্রপাত যা জানা প্রয়োজন

মনে রাখবেন

১. এপ্রিল-জুন মাসে বজ্রপাত বেশি হয়;
২. বজ্রপাত সাধারণত ৩০-৪৫ মিনিট স্থায়ী হয়। এ সময়টুকু ঘরে অবস্থান করতে হবে;
৩. ঘনকালো মেঘ দেখলে সমুদ্র, নদী, পুকুর, ডোবা বা জলাশয় থেকে দূরে থাকতে হবে;
৪. প্রতিটি বাড়িতে/ ভবনে বজ্র নিরোধক দস্ত স্থাপন নিশ্চিত করতে হবে।

বজ্রপাতের সময় নিরাপদ থাকতে করণীয়:

ঘরের ভিতর

১. বাড়ির ধাতব দরজা-জানালা, সিঁড়ির রেলিং, পানিকল, পাইপ ইত্যাদি ধরবেন না এবং জানালার কাছাকাছি ও বারান্দায় থাকবেন না; অবশ্যই জানালা বন্ধ রাখুন।
২. বৈদ্যুতিক সংযোগযুক্ত সকল উপকরণ (টিভি, ফ্রিজ, কম্পিউটার, ল্যান্ড ফোনসহ অন্যান্য উপকরণ) ধরা থেকে বিরত থাকুন এবং বাড়িতে যদি পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা না থাকে, তাহলে সবাই এক কক্ষে না থেকে আলাদা আলাদা কক্ষে অবস্থান করুন;
৩. বার্ণা/বাথটাবে গোসল করবেন না। ঘরের মেঝেতে শুয়ে পড়বেন না বা শুয়ে থাকবেন না।

ঘরের বাইরে

১. যত দূর সম্ভব দালান বা পাকা ভবনের নিচে আশ্রয় নিন। টিনের চালার ঘর যথাসম্ভব এড়িয়ে চলুন;
২. উঁচু গাছপালা, খোলা স্থানে, বিচ্ছিন্ন যাত্রী ছাউনি, বিদ্যুতের লাইন বা বিদ্যুতের খুঁটি, মোবাইল টাওয়ার প্রভৃতি থেকে দূরে থাকুন;
৩. সাঁতার কাটা, খোলা মাঠে খেলাধুলা করা, ছাউনি বিহীন নৌকায় ভ্রমণ থেকে বিরত থাকুন;
৪. সমুদ্র বা নদীতে থাকলে মাছ ধরা বন্ধ রেখে নৌকার ছাউনির নিচে অবস্থান করুন;
৫. মাটির সাইকেল, বাই সাইকেল, বা খোলা কোন যানবাহনে ভ্রমণ করবেন না। বাস, মোটরগাড়ি বা লঞ্চে থাকলে ধাতব অংশ ধরা থেকে বিরত থাকুন;
৬. খোলা স্থানে অনেকে একত্রে থাকলে পরস্পর থেকে অন্তত ৫০ থেকে ১০০ ফুট দূরে সরে যান;
৭. ধানক্ষেত বা খোলা মাঠে থাকলে তাড়াতাড়ি কানে আঙুল দিয়ে পায়ের আঙুলের উপর ভর দিয়ে নিচু হয়ে বসুন;
৮. বজ্রপাতে আহত ব্যক্তিকে বৈদ্যুতিক শকের প্রাথমিক চিকিৎসা সেবা দিন ও প্রয়োজনে হাসপাতালে প্রেরণ করুন। বজ্রাহত ব্যক্তির শ্বাস-প্রশ্বাস ও হৃদস্পন্দন ফিরিয়ে আনার চেষ্টা করুন।

যেকোন মোবাইল ফোন থেকে ১০৯০ চেপে জরুরি আবহাওয়া বার্তা জেনে নিন
শেষ বজ্রপাত হবার পর অন্তত ৩০ মিনিট নিরাপদ আশ্রয়ে থাকুন

প্রচারে: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়